



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিকল্পনা বিভাগ
সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ
ssrc.portal.gov.bd

নং ২০.০০.০০০০.৩০৯.০২.০৭২.১৫৫.২০ - ২২৯

তারিখঃ ০৪ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ
২১ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ

প্রাপকঃ জনাব মোঃ সেলিম রেজা
(পিএইচডি গবেষক, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়)
গ্রামঃ ভেলানগর, ডাকঘরঃ ধূপসদি
উপজেলাঃ বাঞ্চারামপুর, জেলাঃ ব্রাহ্মণবাড়িয়া।


বিষয়ঃ গবেষকের সঙ্গে সম্পাদিত চুক্তি বাতিল।

গবেষণার শিরোনামঃ "Combating Corruption Towards Good Governance in Bangladesh: A Study on Anti-Corruption Commission (ACC)" -
শীর্ষক পিএইচডি গবেষণা।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের অর্থায়নে পরিচালিত উপরোল্লিখিত শিরোনামের গবেষণাটি ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকায় পরিচালনা করার জন্য বিগত ১৩/০২/২০১৪খ্রিঃ তারিখে আপনার সাথে সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের চুক্তিনামা স্বাক্ষরিত হয়। চুক্তিনামা অনুযায়ী গবেষণার মেয়াদ ছিল ৩৬ (ছত্রিশ) মাস। চুক্তির শর্ত অনুযায়ী আপনার পিএইচডি গবেষণার চুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ায় গত ০৬/১০/২০২০ খ্রিঃ তারিখের পত্র নং ২০.০০.০০০০.৩০৯.০২.০৭২.১৫৫.২০-৫০১ এর মাধ্যমে চুক্তি বাতিলের বিষয়ে আপনার মতামত চাওয়া হয়। নির্ধারিত সময়ের মধ্যে এ বিষয়ে মতামত/আবেদন না পাওয়ায় গবেষণাটি বাতিলের বিষয়ে গবেষণা ও স্টিয়ারিং কমিটির সভায় উপস্থাপন করা হয়। যা গত ১৩/১২/২০২০ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের ৫৩তম গবেষণা ও স্টিয়ারিং কমিটির সভায় অনুমোদিত হয়েছে।

০২। এমতাবস্থায়, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের ৫৩তম গবেষণা ও স্টিয়ারিং কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদের সাথে ১৩/০২/২০১৪খ্রিঃ তারিখে আপনার সম্পাদিত চুক্তিটি নির্দেশক্রমে এতদ্বারা বাতিল করা হলো।


আপনার বিশ্বস্ত

০৪/০২/২০২১
(মোঃ লুৎফর রহমান)
গবেষণা কর্মকর্তা
ফোনঃ ৯১৮০৭৯৭

নং-২০.০০.০০০০.৩০৯.০২.১৫৫.২০ - ২২৯

তারিখঃ ০৪ ফেব্রুয়ারি, ২০২১ খ্রিস্টাব্দ
২১ মাঘ, ১৪২৭ বঙ্গাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রয়োজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপাচার্য, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, সাভার, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (এসএসআরসি), পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। উপসচিব, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, ঢাকা
(পরিকল্পনা বিভাগের Website এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। গবেষণা অনুসন্ধানী, সামাজিকবিজ্ঞান গবেষণা পরিষদ, পরিকল্পনা বিভাগ, ঢাকা
(এসএসআরসির Website এ প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।


০৪/০২/২০২১
(মোঃ লুৎফর রহমান)
গবেষণা কর্মকর্তা